# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড এর কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

**রিপোর্ট নম্বর: ১৮/২০২২**

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

## বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড এর কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ১৮/২০২২

| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | মুখবন্ধ | vii |
| | **অধ্যায়-১** | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ১-৩ |
| ৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৫ |
| ৪ | শব্দ সংক্ষেপ | ৭ |
| | **অধ্যায়-২** | |
| ৫ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১১ |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৩-৩১ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ৭ | পরিশিষ্টসমূহ | ৩৫-৬৮ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী সকল Statutory Public Authority, Local Authority ও Public Enterprise এর হিসাব অডিট করার জন্য বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল ক্ষমতাপ্রাপ্ত।

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড, গাজীপুর কার্যালয়ের ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরের আর্থিক কার্যক্রমের উপর প্রতিরক্ষা অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এ রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করা এ রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এ অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত **১১টি** অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এ রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এ অডিট সম্পাদন ও রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards of Bangladesh (GASB) অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) অ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী এ অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

তারিখ ঃ ২১/১১/১৪২৯ বঙ্গাব্দ।
৬/৩/২০২৩ খ্রিষ্টাব্দ

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

**রিপোর্ট সম্পর্কিত তথ্য :**

এ রিপোর্ট প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড, গাজীপুর কার্যালয়ের ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। Audit Materiality বিবেচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লেনদেন দেখা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

## অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

**প্রতিষ্ঠান পরিচিতি :**

**বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ :** বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) ডিজেল ইঞ্জিনের যন্ত্রসমূহ উৎপাদনের নিমিত্তে জার্মানি প্রযুক্তি সহায়তায় চুক্তিবদ্ধ হয়ে, তৎকালীন পাকিস্তান সরকারের আমলে ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত একটি প্রতিষ্ঠান। স্বাধীনতার পর প্রতিষ্ঠানটিকে জাতীয়করণ করে রাষ্ট্রপতির আদেশ নং-২৭/১৯৭২ এর ক্ষমতাবলে শিল্প মন্ত্রণালয়ের গেজেট বিজ্ঞপ্তি নং- বি/ই-১/১৮৫৫-১৭ মে ১৯৭২ এর মাধ্যমে এর ব্যবস্থাপনা ও পরিচালনার দায়িত্ব বাংলাদেশ ষ্টীল এন্ড ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনের (বিএসইসি) উপর ন্যস্ত করা হয়। পরবর্তীতে কোম্পানি আইন-১৯১৩ এর অধীনে ১৯৮১ সালে পাবলিক লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধিত হয়। বাংলাদেশ সরকার উক্ত প্রতিষ্ঠান পরিচালনা করে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিল্প মন্ত্রণালয় এর সূত্রস্থ প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল সংস্থার আওতাধীন 'বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিমিটেড' কে গত ৩০শে মে ২০০৭ তারিখে বাণিজ্যিক ভিত্তিতে পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য বাংলাদেশ সেনাবাহিনীর নিকট আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। উক্ত সময় হতে অদ্যাবধি সেনাবাহিনীর নিয়ন্ত্রণে বিডিপি উৎপাদনমুখী ও ডিপিএম পদ্ধতিতে সরবরাহ ও সেবা প্রদান করে আসছে।

**প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম:**

## Bangladesh Diesel Plant (BDP) Ltd.
## Organogram




**প্রতিষ্ঠানের কার্যাবলী:**

- বর্তমানে কনসার্টিনা ওয়্যার (ব্লেড টাইপ), বারবেড ওয়্যার, এম এস পাইপ, কুলিং টাওয়ারে ব্যবহারের জন্য স্প্রিঙ্কলার হেড প্রস্তুত;
- সোলার প্যানেল ফিটিং এবং সংযোগ প্রদানের জন্য সোলার স্ট্রাকচার তৈরি, ফিড মিল, অয়েল মিল ও জুট মিলের বিভিন্ন খুচরা যন্ত্রাংশ তৈরি;
- সিএনসি মেশিন দ্বারা বিভিন্ন যন্ত্রাংশ উৎপাদন কার্যক্রম চলছে ও ব্যাটারী উৎপাদনের উদ্যোগ নিয়েছে;
- ডিপিএম পদ্ধতিতে সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে ভিন্ন ধরণের কাজ যেমন মাটি ভরাট, মেশিনারী যন্ত্রাংশ সরবরাহ করা ইত্যাদি;

**প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ:**

| অফিসের নাম | অর্থ বছর | বরাদ্দকৃত বাজেট | ব্যয়কৃত টাকা |
|---|---|---|---|
| বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ | ২০১৪-২০১৫ | ৩০,৪৬,৯১,০০০ | ১৪,১২,৬২,০০০ |
| বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ | ২০১৮-২০১৯ | ৪৪,৬০,৮৩,০০০ | ২৩,৯২,৪৫,০০০ |

**অডিটের আইনগত ভিত্তিঃ**

দি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (অ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এর ধারা-৫(১) অনুযায়ী এ অডিট পরিচালনা করা হয়েছে।

**অডিটের পরিধিঃ**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড, গাজীপুর কার্যালয়ের ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরের আর্থিক বিবরণীর উপর নিরীক্ষা।

**অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্যঃ**

**অডিটের বিষয়বস্তু :**

বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড, গাজীপুর কার্যালয়ের ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরের আর্থিক বিবরণীর উপর কমপ্লায়েন্স নিরীক্ষা।

**অডিট কৌশলঃ**

১) নিরীক্ষার উদ্দেশ্য, বিষয়বস্তু, মানদন্ড ইত্যাদি নির্ধারণ করা।

২) ম্যাটেরিয়ালিটি ও নিরীক্ষা ঝুঁকি নির্ধারণ করা।

৩) পূর্বের নিরীক্ষা থেকে অর্জিত জ্ঞান কাজে লাগানো।

৪) নিরীক্ষা দল গঠন এবং তাঁদের মধ্যে কর্ম-বন্টন নির্ধারণ করা।

৫) কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয় কর্তৃক জারীকৃত অডিট কোড অনুসরণ এবং কমপ্লায়েন্স অডিটের জন্য **GASB** ও গাইডলাইন অনুসরণ করা।

**অডিটের সময়কালঃ**

০৫/০১/২০১৬ খ্রি. হতে ৩১/০১/২০১৬ এবং ১১/০৩/২০২০ খ্রি. হতে ২৪/০৩/২০২০ খ্রি. পর্যন্ত।

# নির্বাহী সারসংক্ষেপ

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড, গাজীপুর কার্যালয়ের ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

অডিট চলাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলতঃ প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এ অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এ রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।
এ রিপোর্টে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) হিসাবে **১১**টি অনুচ্ছেদ অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে জড়িত টাকার পরিমাণ **১২৯১,৯৩,২১,৩২৭** (এক হাজার দুইশত একানব্বই কোটি তিরানব্বই লক্ষ একুশ হাজার তিনশত সাতাশ) টাকা । এ রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপঃ

- কোম্পানীর নীট মুনাফা শেয়ার হোল্ডারদের মধ্যে বণ্টন না করায় সরকার লভ্যাংশ হতে বঞ্চিত।
- কোম্পানী আইন **১৯৯৪** এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এর ব্যত্যয় ঘটিয়ে বিধি বহির্ভূতভাবে বিভিন্ন অবকাঠামো নির্মাণ প্রকল্পে  টাকা অনিয়মিতভাবে বিনিয়োগ।
- জলসিঁড়ি আবাসন প্রকল্পে জমির ক্রয়মূল্য ও রেজিস্ট্রেশন চার্জ বাবদ অতিরিক্ত পরিশোধ করায় আর্থিক ক্ষতি।
- ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস (টিটিএস) এবং জলসিঁড়ি আবাসন প্রকল্পকে অনিয়মিতভাবে ঋণ প্রদান।
- সরাসরি ক্রয় প্রক্রিয়ার আওতায় প্রকল্প হতে বাংলাদেশ সেনাবাহিনীকে ম্যানেজমেন্ট এন্ড প্রসেসিং ফি বাবদ মোট মূল্যের সিডিউল কস্ট অব ওয়ার্ক ৪% হারে প্রদানে অনিয়ম।
- বিভিন্ন সরবরাহকারী/ঠিকাদার/গ্রাহকের বিল হতে ভ্যাট কম কর্তন এবং কর্তন না করায় ভ্যাট ও দন্ডসুদসহ সরকারের রাজস্ব ক্ষতি।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরণের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন না করা বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | | |
|---|---|---|
| BDP | = | Bangladesh Diesel Plant. |
| CNC | = | Computer Numerical Control. |
| CSR | = | Corporate Social Responsibility. |
| CFS | = | Container Freight Station. |
| DPM | = | Direct Procurement Method. |
| GASB | = | Government Auditing Standards of Bangladesh |
| ICD | = | Inland Container Depot. |
| ICMAB | = | Institute of Cost & Management Accountants of Bangladesh. |
| KPI | = | Key Performance Indicator. |
| MES | = | Military Engineer Services. |
| WPPF | = | Workers Profit Participation Fund. |
| QMG | = | Quarter Master General. |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অডিট অনুচ্ছেদ নং | আপত্তির শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ১ | কোম্পানীর নীট বন্টনযোগ্য Dividend ঘোষণা না করায় সরকার লভ্যাংশ হতে বঞ্চিত। | ২০৩,৮৮,১০,৮৭০ |
| ২ | কোম্পানী আইন ১৯৯৪ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এর ব্যত্যয় ঘটিয়ে বিধি বহির্ভূতভাবে বিভিন্ন অবকাঠামো নির্মাণ প্রকল্পে অনিয়মিতভাবে বিনিয়োগ। | ৪৫,০০,০০,০০০ |
| ৩ | জলসিঁড়ি আবাসন প্রকল্পে জমির রেজিষ্ট্রেশন চার্জ বাবদ অতিরিক্ত পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | ৪০,৯৭,৮৪০ |
| ৪ | ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিস (টিটিএস) এবং জলসিঁড়ি আবাসন প্রকল্পকে অনিয়মিতভাবে ঋণ প্রদান। | ২১,০২,০৪,১৬৬ |
| ৫ | কোম্পানীর Memorandum of Association and Articles of Association এ উল্লেখিত মূল উদ্দেশ্য বাস্তবায়ন না করে বিভিন্ন সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠান হতে কাজ সংগ্রহ করে অনিয়মিতভাবে কার্য সম্পাদন । | ৭২৫,৮৫,৫৩,৫৪৪ |
| ৬ | বিডিপি এককভাবে ব্যবসা না করা সত্ত্বেও ব্যবসায়িক পার্টনার এর নিকট হতে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব অনাদায়ী। | ৫২,৫৪,১৭,২৯৭ |
| ৭ | সরাসরি ক্রয় প্রক্রিয়ার আওতায় প্রকল্প হতে বাংলাদেশ সেনাবাহিনীকে ম্যানেজমেন্ট এন্ড প্রসেসিং ফি বাবদ মোট মূল্যের সিডিউল কস্ট অব ওয়ার্ক ৪% হারে প্রদানে অনিয়ম। | ১,৪৮,৯৫,৯২৫ |
| ৮ | বাড়ী ভাড়া ও বিভিন্ন ঠিকাদারের নিকট হতে আয়কর কর্তন করা সত্ত্বেও সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ১,৯৮,৩৫,২৯৬ |
| ৯ | বাড়ি ভাড়ার বিল হতে এবং ঠিকাদারের বিল হতে ভ্যাট কর্তন করে সরকারি কোষাগারে জমা না দিয়ে বিডিপি ফান্ডে জমা রাখায় রাজস্ব ক্ষতি। | ১,৪২,৮৩,৭২৯ |
| ১০ | বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট কোম্পানীর পাওনা বাবদ অনাদায়ী। | ২৩৮,২২,১৬,৯১০ |
| ১১ | আবাসিক বিদ্যুৎ বিল কম আদায় করায় ফ্যাক্টরীর আর্থিক ক্ষতি । | ১০,০৫,৭৫০ |
| | মোট | ১২৯১,৯৩,২১,৩২৭ |
| কথায়: এক হাজার দুইশত একানব্বই কোটি তিরানব্বই লক্ষ একুশ হাজার তিনশত সাতাশ টাকা মাত্র | | |

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অনুচ্ছেদ নং- ০১

**শিরোনাম: কোম্পানীর নীট বন্টনযোগ্য Dividend ঘোষণা না করায় ২০৩,৮৮,১০,৮৭০ (দুইশত তিন কোটি আটাশি লক্ষ দশ হাজার আটশত সত্তর) টাকা সরকার লভ্যাংশ হতে বঞ্চিত।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিঃ, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরে নীট মুনাফা শেয়ার হোল্ডার এর (১০০% শেয়ার সরকারের) মধ্যে বণ্টন না করায় ২০৩,৮৮,১০,৮৭০ (দুইশত তিন কোটি আটাশি লক্ষ দশ হাজার আটশত সত্তর) টাকা সরকারের আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ, গাজীপুর কার্যালয়ের সিএ ফার্ম কর্তৃক নিরীক্ষিত Balance Sheet, Profit and Loss Account নিরীক্ষাকালে দেখা যায় যে, ২০০৭-২০০৮ অর্থবছর হতে ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত নীট লাভ হয়েছে ২০৩,৮৮,১০,৮৭০ টাকা। Memorandum of Association এবং Articles of Association এর Articles ৮৬,৮৭,৮৮ ও ৮৯ মোতাবেক বার্ষিক সাধারণ সভায় Dividend ঘোষণা এবং শেয়ার হোল্ডারদের মধ্যে বন্টন করার বিষয়ে উল্লেখ রয়েছে। এক্ষেত্রে কোন বাৎসরিক সাধারণ সভা (AGM) অনুষ্ঠিত হয়নি। এছাড়াও Memorandum of Association এর অনুচ্ছেদ (১) মোতাবেক বাংলাদেশ সরকার উক্ত শেয়ারের ১০০% মালিক। সেহেতু এই প্রতিষ্ঠানের শেয়ারহোল্ডার হিসাবে নীট মুনাফা বাংলাদেশ সরকার প্রাপ্য। কোম্পানী আইন ১৯৯৪ লঙ্ঘন করে সংশ্লিষ্ট লভ্যাংশের কিছু অংশ কোম্পানীর উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য না রেখে বিভিন্ন অবকাঠামো নির্মাণ প্রকল্পে ও ট্রাঙ্গপোর্ট সার্ভিসেস এ বিনিয়োগ করা হয়েছে। যেমন: ১) জলসিঁড়ি আবাসন প্রকল্প ২) মিরপুর ডিওএইচএস এ কালচারাল সেন্টার নির্মাণ প্রকল্প ৩) ঢাকা সেনানিবাসে নির্ঝর আবাসিক এলাকায় সি ও ডি টাইপ কম্পোজিট আবাসিক ভবন আলোছায়া নির্মাণ প্রকল্প ৪) কুমিল্লা সেনানিবাসে ওআর'স ও ফলোয়ার্সদের পারিবারিক বাসস্থান নির্মাণ প্রকল্প ৫) ট্রাস্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস কে সুদ মুক্ত ঋণ প্রদান।

উপরোক্ত কোন প্রকল্পই উৎপাদনমুখী প্রকল্পের সাথে সম্পৃক্ত নয়। এ ধরনের প্রকল্পের কাজ সম্পাদনের জন্য সরকারিভাবে অর্থ মন্ত্রণালয় কর্তৃক সশস্ত্র বাহিনীকে অর্থ বরাদ্দ দেয়া হয়ে থাকে। ফলে উপরোক্ত বিনিয়োগসমূহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-১বি/১৩/২০০৪/ডি-৩/(অংশ)/১৫ তারিখ: ২৩/০২/২০১০খ্রি: এর অনুচ্ছেদ (খ) তে বর্ণিত পরিচালনা পর্ষদের কার্যক্ষমতার পরিপন্থী। সংশ্লিষ্ট কোম্পানীর মিশন-ভিশন এ উৎপাদনমুখী কোন পরিকল্পনা নেই বিধায় নীট লভ্যাংশ ২০৩,৮৮,১০,৮৭০ টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য [ বিস্তারিত বিবরণ ২য় অংশের পরিশিষ্ট "০১" দ্রষ্টব্য)।

**অনিয়মের কারণ:**

- কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association এর Articles ৮৬, ৮৭, ৮৮ ও ৮৯ লঙ্ঘন।
- প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-১বি/১৩/২০০৪/ডি-৩/(অংশ)/১৫ তারিখ: ২৩/০২/২০১০ এর অনুচ্ছেদ (খ) লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

সকল পুঞ্জিভূত মুনাফার পরিমাণ হবে ২০৩,৮৮,১০,৮৭০ টাকা। উক্ত অর্থের বিপরীতে ব্যাংক স্থিতি ও বিভিন্ন সম্পদ সরকারের বিনিয়োগ হিসেবে কোম্পানিতে সংরক্ষিত রয়েছে। বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক সরকারি লভ্যাংশ প্রদান করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। কারণ আপত্তিকৃত ২০৩,৮৮,১০,৮৭০ টাকা দীর্ঘদিন Board of Directors এর সিদ্ধান্তের জন্য অলস মানি হিসেবে পড়ে থাকায় সরকারের উন্নয়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। যেহেতু বাংলাদেশ সরকার ঘাটতি বাজেট প্রণয়ন করে থাকে। ফলে উক্ত টাকা যথাসময়ে সরকারি কোষাগারে জমা করা হলে সরকারের সমপরিমাণ অর্থ ১০% সুদে ঋণ নেওয়ার প্রয়োজন হতো না এবং সরকারের উন্নয়ন কর্মকান্ডে সহায়ক ভূমিকা পালন করতে পারতো। দীর্ঘ ১২ বৎসর অতিবাহিত হওয়া সত্ত্বেও লভ্যাংশ হালনাগাদ না করায় কোম্পানী আইন এর ব্যত্যয় ঘটেছে। বর্ণিত অনিয়মটি ২৮-০৯-২০২০ খ্রি. তারিখে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে সচিব বরাবর জারী করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তি মূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ০২

**শিরোনাম: কোম্পানী আইন ১৯৯৪ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এর ব্যত্যয় ঘটিয়ে বিধি বহির্ভূতভাবে বিভিন্ন অবকাঠামো নির্মাণ প্রকল্পে ৪৫,০০,০০,০০০ (পঁয়তাল্লিশ কোটি) টাকা অনিয়মিতভাবে বিনিয়োগ।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিঃ, শিমুলতলী, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরে কোম্পানী আইন ১৯৯৪, Memorandum of Association and Articles of Association এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এর ব্যত্যয় ঘটিয়ে বিধি বহির্ভূতভাবে বিভিন্ন অবকাঠামো নির্মাণ প্রকল্পে ৪৫,০০,০০,০০০ (পঁয়তাল্লিশ কোটি) টাকা অনিয়মিতভাবে বিনিয়োগ করা হয়েছে।
নিরীক্ষাকালে সেনাসদর কিউএমজি'র ও বিডিপি এর নিম্নে বর্ণিত পত্রাদি যাচাইয়ে দেখা যায় যে,

(ক) সেনাসদর কিউএমজি'র শাখার ২২/৫/২০১৭ খ্রি: তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত, বোর্ড অব ডিরেক্টর'স এর সভার কার্যবিবরণী এবং সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, চুক্তি সম্পাদন ছাড়াই মিরপুর ডিওএইচএস এ নির্মিতব্য কালচারাল সেন্টারে ২০,০০০ বর্গফুটের একটি ফ্লোর বিডিপি লি: কে প্রদান করা হবে এ শর্তে উক্ত ফ্লোরের অগ্রিম ভাড়া বাবদ অনিয়মিতভাবে ১০,০০,০০,০০০ টাকা পরিশোধ করা হয়।

(খ) সেনাসদর কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর পত্র নং-২৩.০১.৯০১.০৪৪.০২.০০২. ২৮.১৫.১২.১৫/৩ তারিখ: ২১/১২/২০১৫ এর নির্দেশনা, সি ও ডি টাইপ আলোছায়া বরাদ্দ নীতিমালা- ২০১৯ সহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, যথাযথ কর্তৃপক্ষ তথা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে ঢাকা সেনানিবাসে নির্ঝর আবাসিক এলাকায় সি ও ডি টাইপ কম্পোজিট বহুতল অফিসার্স কোয়ার্টার আলোছায়া নির্মাণের লক্ষ্যে বিডিপি লি: কর্তৃক অগ্রিম ভাড়া বাবদ অনিয়মিতভাবে ১৫,০০,০০,০০০ টাকা পরিশোধ/বিনিয়োগ করা হয়।

(গ) বিডিপি এর পত্র নং-বিডিপি/ও:ফ:বা:ব:কু:য/২০১৮-২০১৯/০১ তারিখ: ২৪/১২/২০১৮, নোটসীটসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, সেনাবাহিনী প্রধানের বিশেষ প্রকল্পের আওতায় কুমিল্লা সেনানিবাসে ওআর'স ও ফলোয়ার্সদের জন্য ১৫ তলা বিশিষ্ট পারিবারিক বাসস্থান নির্মাণের জন্য সেনাবাহিনী প্রধান ও বিডিপি এর চেয়ারম্যান কর্তৃক ১৪/১২/২০১৮ খ্রি. তারিখে অনুমোদনের মাধ্যমে ৫০,০০,০০,০০০ টাকা বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তন্মধ্যে ১ম ধাপে চেক নম্বর-৭২০৭৭১৭৫, তারিখ: ২৪/১২/২০১৮ এ ১০,০০,০০,০০০ টাকা ও ২য় ধাপে চেক নম্বর-৯৮৩৮৬০১, তারিখ: ২৭/০১/২০২০ এ ১০,০০,০০,০০০ টাকা অর্থাৎ সর্বমোট ২০,০০,০০,০০০ টাকা অনিয়মিতভাবে পরিশোধ করা হয় এবং অবশিষ্ট ৩০,০০,০০,০০০ টাকা ডিসেম্বর/২০২০ তারিখের মধ্যে পরিশোধ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

বিডিপি, কোম্পানী আইন ১৯৯৪, অনুযায়ী নিবন্ধিত এবং কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association এর ক্রমিক নং ২-১৫ পর্যন্ত বর্ণিত শর্তাবলী অনুযায়ী কোম্পানীর মূল উদ্দেশ্য ছিল ডিজেল ইঞ্জিন উৎপাদন, ইঞ্জিনের যন্ত্রাংশ উৎপাদন ও সংযোজন এবং আয়রন স্টীল, ব্রঞ্চ, এ্যালুমিনিয়াম ইত্যাদি উৎপাদন করা। কিন্তু আলোচ্য বিনিয়োগসমূহ বিডিপি গঠনের উদ্দেশ্য এবং উৎপাদনের সাথে সম্পৃক্ত নয়।উপরোক্ত বিনিয়োগসমূহে অর্থাৎ আবাসিক অবকাঠামো উন্নয়নে অর্থ মন্ত্রণালয় বরাদ্দ দিয়ে থাকে যা পরিচালনা পর্ষদের কার্যক্ষমতার পরিপন্থী। কেননা প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং-১বি-১৩/২০০৪/ডি-৩/(অংশ)/১৫, তাং-২৩/২/২০১০ খ্রি: এর নির্দেশনা অনুযায়ী পরিচালনা পর্ষদ এবং উহার কার্য পরিধি/কার্য ক্ষমতার মধ্যে যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে ৩য় পক্ষের সাথে চুক্তি সম্পাদনের ক্ষমতা দেয়া হয়নি। [ বিস্তারিত বিবরণ ২য় অংশের পরিশিষ্ট- ০২(১-৩) দ্রষ্টব্য]।

**অনিয়মের কারণঃ**

১. কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association এর ক্রমিক নং ২-১৫ ব্যত্যয়।
২. প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং-১বি-১৩/২০০৪/ডি-৩/(অংশ)/১৫,তাং-২৩/২/২০১০ লঙ্ঘন।
৩. সেনাসদর কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস এর পত্র নং-২৩.০১.৯০১.০৪৪ .০২.০০২. ২৮.১৫.১২.১৫/৩ তারিখঃ ২১/১২/২০১৫ এর নির্দেশনার ব্যত্যয়।

**নিরিক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং-১বি-১৩/২০০৪/ডি-৩/(অংশ)/১৫,তাং-২৩/২/২০১০ খ্রিঃ মোতাবেক অত্র কোম্পানির সকল প্রকার অর্থনৈতিক অনুমোদনের ক্ষমতা পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত এক্ষেত্রে পরিচালনা পর্ষদের অনুমোদন রয়েছে। পরবর্তীতে এ ধরনের বিনিয়োগ হতে বিরত থাকা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। কারণ বিডিপি লিঃ কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী Joint Stock কোম্পানি এবং কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association অনুযায়ী কার্যক্রম পরিচালনা করবে। কিন্তু এ ক্ষেত্রে Articles of Association এর ক্রমিক নং ২-১৫ এর ব্যত্যয় ঘটিয়ে ঠিকাদারী ব্যবসায় লিপ্ত রয়েছে যা বিধি সম্মত নয়। বর্ণিত অনিয়মটি ২৮-০৯-২০২০ খ্রি. তারিখে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে সচিব বরাবর জারী করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তি মূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

কোম্পানির গঠনের উদ্দেশ্য অনুযায়ী উৎপাদন কাজ বাস্তবায়ন করে ঠিকাদারী ব্যবসা পরিহার করা আবশ্যক। পাশাপাশি একই ধরনের অনিয়ম পুনরাবৃত্তি রোধকল্পে উর্ধ্বতন কর্তৃপক্ষের পর্যবেক্ষণ নিশ্চিত করাও আবশ্যক।

অনুচ্ছেদ নং- ০৩

**শিরোনাম: জলসিঁড়ি আবাসন প্রকল্পে জমির রেজিষ্ট্রেশন চার্জ বাবদ ৪০,৯৭,৮৪০ (চল্লিশ লক্ষ সাতানব্বই হাজার আটশত চল্লিশ) টাকা অতিরিক্ত পরিশোধ করায় আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিঃ, শিমুলতলী, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরে জলসিঁড়ি আবাসন প্রকল্পে জমির রেজিষ্ট্রেশন চার্জ বাবদ মোট ৪০,৯৭,,৮৪০ (চল্লিশ লক্ষ সাতানব্বই হাজার আটশত চল্লিশ) টাকা অতিরিক্ত পরিশোধ করায় আর্থিক ক্ষতি হয়েছে।

সেনাসদর, কোয়াটার মাস্টার জেনারেল (কিউএমজি'র) শাখার ২৮ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, Army Welfare Trust প্রতিষ্ঠানকে জলসিঁড়ি আবাসন প্রকল্পে বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিঃ কর্তৃক বাণিজ্যিক প্লট ক্রয়ের লক্ষ্যে জমির মূল্য বাবদ ৪৫,০২,৫৪,৯৭০ টাকা এবং রেজিষ্ট্রেশন চার্জ বাবদ ৪৫,৫৩,৪৬০ টাকা পরিশোধ করা হয়েছে। কিন্তু বিডিপি লি: এর পত্র নং-বিডিপি/জলসিঁড়ি/১৯-২০/০১ তারিখ: ২৬/০১/২০২০ হতে দেখা যায় যে, বাণিজ্যিক প্লট ক্রয়ের লক্ষ্যে ০৪ (চার) টি প্লটে বিভক্ত মোট ৮১.৮৬৪৫ কাঠা জমির মূল্য বাবদ ২,২৭,১১,০০০ টাকা এবং রেজিষ্ট্রেশন চার্জ বাবদ ৪,৫৫,৬২০ টাকা নির্ধারণ করা হয়েছে। ফলে রেজিষ্ট্রেশন চার্জ বাবদ (৪৫,৫৩,৪৬০-৪,৫৫,৬২০) = ৪০,৯৭,৮৪০ টাকা অতিরিক্ত পরিশোধ করায় আর্থিক ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণ:**

বিডিপি লি: এর পত্র নং- বিডিপি/জলসিঁড়ি/১৯-২০/০১ তা: ২৬/০১/২০২০ খ্রি: লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

দলিলে মৌজা মূল্য উল্লেখ করা হয়েছে। ভূমি উন্নয়ন পরবর্তী মার্কেট মূল্য হিসেবে উক্ত মূল্য পরিশোধ করা হয়েছে। তবে অতিরিক্ত রেজিষ্ট্রেশন চার্জ বাবদ পরিশোধিত ৪০,৯৭,৮৪০ টাকা দাবী করা হবে।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিস্পত্তি সহায়ক নয়। কারণ নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব মোতাবেক জমির দলিলে উল্লিখিত ক্রয়মূল্যের উপর রেজিষ্ট্রেশন চার্জ বাবদ অতিরিক্ত পরিশোধ করায় ৪০,৯৭,৮৪০ টাকা আ ক্ষতি হয়। উল্লেখ্য দলিল মূল্য মোতাবেক রেজিষ্ট্রি ফি প্রদান করা হয়ে থাকে, মৌজা মূল্যের উপর নয়। ফলে জমির দলিলে উল্লিখিত ক্রয় মূল্যের উপর রেজিষ্ট্রেশন চার্জ অতিরিক্ত পরিশোধ করায় অনিয়ম সংঘটিত হয়েছে। বর্ণিত অনিয়মটি ২৮-০৯-২০২০ খ্রি. তারিখে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে সচিব বরাবর জারী করা হয়। অদ্যাবধি কোন নিস্পত্তি মূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

রেজিষ্ট্রেশন চার্জ অতিরিক্ত পরিশোধের বিষয়ে দায়দায়িত্ব নির্ধারণপূর্বক আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

## অনুচ্ছেদ নং- ০৪

**শিরোনাম: ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিস (টিটিএস) এবং জলসিঁড়ি আবাসন প্রকল্পকে অনিয়মিতভাবে প্রদত্ত ঋণের সুদ ও আসল বাবদ অনাদায়ী ২১,০২,০৪,১৬৬ (একুশ কোটি দুই লক্ষ চার হাজার একশত ছেষট্টি) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ, শিমুলতলী, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরে ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিস (টিটিএস) এবং জলসিঁড়ি আবাসন প্রকল্পকে অনিয়মিতভাবে প্রদত্ত ঋণের সুদ ও আসল বাবদ অনাদায়ী রয়েছে ২১,০২,০৪,১৬৬ (একুশ কোটি দুই লক্ষ চার হাজার একশত ছেষট্টি) টাকা।

বোর্ড অব ডিরেক্টর'স এর সভার কার্যবিবরণী ও সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিডিপি কর্তৃক Army Welfare Trust এর অঙ্গ প্রতিষ্ঠান ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস (টিটিএস) কে চেক নং- ৫৩৯০২৫৪ তারিখ: ০১/৯/২০১৪ এর মাধ্যমে ২,০০,০০,০০০/- টাকা ও চেক নং ৫৩৯০৩৮০ তারিখ: ১৮/১১/২০১৪ এর মাধ্যমে ৫০,০০,০০০/- টাকাসহ মোট ২,৫০,০০,০০০/- টাকা এবং জলসিঁড়ি আবাসন প্রকল্পকে চেক নং- ৮৫২৩৭০২ তারিখ: ১২/১০/২০১৪ এর মাধ্যমে ২০,০০,০০,০০০/- টাকা সুদবিহীন ঋণ প্রদান করা হয়।

ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস কে প্রদত্ত ২,৫০,০০,০০০/- টাকা ঋণের আসল টাকার মধ্যে ৬৮,৫০,০০০/- টাকা অনাদায়ী রয়েছে। অধিকন্তু বিডিপি কর্তৃক সুদমুক্ত ঋণ দেয়ার কোন সুযোগ নেই বিধায় ঋণ প্রদানের তারিখ হতে আসল টাকা পরিশোধের ১ম কিস্তি পর্যন্ত ৮.৭৫% হারে (FDR এর সুদের হার অনুযায়ী) সুদ বাবদ প্রদেয় ৩৩,৫৪,১৬৬/- টাকাসহ মোট (৬৮,৫০,০০০ + ৩৩,৫৪,১৬৬) = ১০২,০৪,১৬৬/- টাকা ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস এর নিকট হতে আদায় করা হয়নি। এছাড়া জলসিঁড়ি আবাসন প্রকল্পকে প্রদত্ত ঋণের সম্পূর্ণ আসল টাকা অর্থাৎ ২০,০০,০০,০০০/- টাকা অনাদায়ী রয়েছে।

বিডিপি লিঃ একটি রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির যাবতীয় সম্পদ পরিসম্পদের মালিক রাষ্ট্রের জনগণ। শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-শিম/বিআ-১/এসইলি-২৮/৯৫(অংশ-১)/৭০ তারিখ: ২৬/৪/২০০৭ অনুযায়ী প্রতিষ্ঠানটিকে পরিচালনার নিমিত্ত বাংলাদেশ সেনাবাহিনীর নিকট হস্তান্তর করা হয়। কোম্পানীর Memorandum of Association কোম্পানী আইন ১৯৯৪ অনুযায়ী নিবন্ধিত হয়েছে বিধায় উক্ত প্রতিষ্ঠানটি কোম্পানীর Memorandum of Association অনুযায়ী পরিচালিত হবে। কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association এর ক্রমিক নং- ২ হতে ১৫ পর্যন্ত বর্ণিত শর্তাবলীতে অন্য কোন প্রতিষ্ঠান বা অন্য সংস্থাকে ঋণ প্রদানপূর্বক আর্থিক ব্যবসা করার প্রভিশন রাখা হয়নি।

ফলে ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিস (টিটিএস) এবং জলসিঁড়ি আবাসন প্রকল্পকে প্রদত্ত ঋণের আসল এবং সুদসহ সর্বমোট (১০২,০৪,১৬৬ + ২০,০০,০০,০০০) = ২১,০২,০৪,১৬৬/- টাকা অনাদায়ী রয়েছে। [বিস্তারিত বিবরণ ২য় অংশের পরিশিষ্ট "০৩(১) - ০৩(২)" দ্রষ্টব্য)।

**অনিয়মের কারণ:**

- Memorandum of Association এবং Articles of Association এর ক্রমিক নং- ২ হতে ১৫ এ বর্ণিত শর্তাবলী লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

প্রতিরক্ষা মন্ত্রণালয় এর পত্র নং-১বি-১৩/২০০৪/ডি-৩(অংশ)/১৫ তাং ২৩/২/২০১০ খ্রি. মোতাবেক অত্র কোম্পানীর সকল প্রকার অর্থনৈতিক অনুমোদনের সর্বময় ক্ষমতা পরিচালনা পর্ষদের উপর ন্যস্ত। পরিচালনা পর্ষদের সভার অনুমোদনক্রমে উক্ত অর্থ প্রদান করা হয়েছে। জলসিঁড়ি আবাসন ও ট্রাস্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস সেনা সদর দপ্তর কর্তৃক পরিচালিত দু'টি প্রতিষ্ঠান। বিডিপি লিঃ এবং উক্ত দু'টি প্রতিষ্ঠান সেনা সদরের তত্ত্বাবধানাধীন। ফলে প্রদত্ত অর্থ ফেরৎ প্রাপ্তির ক্ষেত্রে কোন ঝুঁকি নেই। পূর্বে যখন বিডিপি লিঃ এর আর্থিক মন্দা ছিল তখন সেনা সদর দপ্তর এর নির্দেশক্রমে সেনা বাহিনী কল্যাণ তহবিল হতে বিডিপি লিঃ কেও ১,০০,০০,০০০/- টাকা ঋণ দেয়া হয়েছিল। জলসিঁড়ি আবাসন কে ঋণ নয় বরং সেখানে বিনিয়োগ করা হয়েছে। যার বিপরীতে মুনাফা ও জমি পাওয়া যাবে। উল্লেখ্য যে, ট্রাস্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনকৃত একটি জনকল্যাণমূলক প্রতিষ্ঠান, যা জনস্বার্থে নিয়োজিত। এক্ষেত্রে ট্রাস্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস এ প্রদানকৃত অর্থ সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সহযোগী বিনিয়োগ। বিনিয়োগ ফেরত দেয়ার জন্য তাগাদাপত্র দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব গ্রহণযোগ্য নয়। কারণ বাংলাদেশ ডিজেল প্লান্ট লিঃ একটি রাষ্ট্রীয় মালিকানাধীন পাবলিক লিমিটেড কোম্পানি বিধায় এ ধরনের ঋণ প্রদান করার কোন সুযোগ নেই। বর্ণিত অনিয়মটি ২৮-০৯-২০২০ খ্রি. তারিখে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে সচিব বরাবর জারী করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তি মূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

বিধি-বহির্ভূতভাবে প্রদত্ত ঋণের টাকা সুদাসলে অবিলম্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে আদায়পূর্বক কোম্পানির হিসাবভুক্ত করা আবশ্যক।

## অনুচ্ছেদ নং- ০৫

**শিরোনামঃ কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association - এ উল্লেখিত মূল উদ্দেশ্য বাস্তবায়ন না করে বিভিন্ন সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠান হতে কাজ সংগ্রহ করে ৭২৫,৮৫,৫৩,৫৪৪ (সাতশত পঁচিশ কোটি পঁচাশি লক্ষ তিপ্পান্ন হাজার পাঁচশত চুয়াল্লিশ) টাকার কার্য সম্পাদন ।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ গাজীপুর কার্যালয়ে ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরে কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association এ উল্লেখিত মূল উদ্দেশ্য বাস্তবায়ন না করে বিভিন্ন সরকারি/ আধাসরকারি প্রতিষ্ঠান হতে কাজ সংগ্রহ করে ৭২৫,৮৫,৫৩,৫৪৪ (সাতশত পঁচিশ কোটি পঁচাশি লক্ষ তিপ্পান্ন হাজার পাঁচশত চুয়াল্লিশ) টাকার কার্য সম্পাদন করা হয়েছে।

নিরীক্ষাকালে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে চুক্তি, তৃতীয় পক্ষের সাথে যৌথ ব্যবসায়িক চুক্তি পত্র, ভাউচার, কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association, কোম্পানী আইন-১৯৯৪ ও সংশ্লিষ্ট রেকর্ড পত্র পর্যালোচনা করে দেখা যায় যে, শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-শিল্প/বি-আ-১/এসইসি ২৮/৯৫/(অংশ-১) ৭০ তাং ২৬/৭/২০০৭ অনুযায়ী বিডিপিকে সরকারি প্রতিষ্ঠানটি লাভজনক শিল্প প্রতিষ্ঠান হিসাবে পরিচালনার জন্য বাংলাদেশ সেনাবাহিনীর আগ্রহের প্রেক্ষিতে বাংলাদেশ সেনাবাহিনীকে পরিচালনার দায়িত্ব প্রদান করা হয়। কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association এর ক্রমিক নং- ২ হতে ১৫ পর্যন্ত বর্ণিত শর্তাবলী অনুযায়ী কোম্পানীর মূল উদ্দেশ্য ছিল ডিজেল ইঞ্জিন উৎপাদন, ইঞ্জিনের যন্ত্রাংশ উৎপাদন ও সংযোজন এবং আয়রণ, স্টীল ব্রোঞ্জ, এ্যালমুনিয়াম ইত্যাদি ধাতু উৎপাদন। কিন্তু বর্তমানে বিডিপি লিঃ উক্ত মূল উদ্দেশ্যকে উপেক্ষা করে ঠিকাদারী ব্যবসায় নিয়োজিত রয়েছে। ঠিকাদারী কাজসমূহ কোম্পানী এককভাবে করছে না। বিভিন্ন সরকারি/ আধাসরকারি/সায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান হতে ডিপিএম এর মাধ্যমে সংগ্রহ করে তৃতীয় পক্ষের সাথে যৌথ ব্যবসায়িক চুক্তিপত্র সম্পাদন করে ২০১৮-২০১৯ অর্থ বছরে ৭২৫,৮৫,৫৩,৫৪৪ টাকার কাজ বাস্তবায়ন করা হয়েছে। বাস্তবায়িত কাজের লাভের ৯০% পাচ্ছে যৌথ ব্যবসায়িক প্রতিষ্ঠান, অন্যদিকে লাভের ১০% পাচ্ছে বিডিপি। কিন্তু ১৯৯৪ সালের কোম্পানী আইনের ৪(১) বিধি অনুযায়ী কোন প্রতিষ্ঠান যৌথ মূলধনী কোম্পানী অথবা অন্য কোন আইনের মাধ্যমে গঠিত না হলে তার সাথে অংশীদারী কারবার/যৌথ ব্যবসায়িক চুক্তি সম্পাদন করতে পারে না এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-১বি/১৩/২০০৪/বি-৩ অংশ/১৫ তাং ২৩/২/২০১০ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী পরিচালনা পর্ষদ এবং উহার কার্যপরিধি /কার্যক্ষমতার মধ্যে যৌথ ব্যবসায়িক চুক্তির মাধ্যমে তৃতীয় পক্ষের সাথেও চুক্তি সম্পাদনের ক্ষমতা দেয়া হয়নি। [বিস্তারিত বিবরণ ২য় অংশের পরিশিষ্ট "৪" দ্রষ্টব্য)।

**অনিয়মের কারণঃ**

- Memorandum of Association এবং Articles of Association এর ক্রমিক নং- ২ হতে ১৫ এ বর্ণিত শর্তাবলী লঙ্ঘন।
- ১৯৯৪ সালের কোম্পানী আইনের ৪(১) বিধি লঙ্ঘন।
- প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-১বি/১৩/২০০৪/বি-৩ অংশ/১৫ তাং ২৩/২/২০১০ খ্রিঃ তারিখের নির্দেশনার লঙ্ঘন।

**নিরিক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

বিডিপি লিমিটেড ৭৪,৫৪,২৫,৩২৯.০০ (চুয়াত্তর কোটি চুয়ান্ন লক্ষ পঁচিশ হাজার তিনশত উনত্রিশ) টাকা লোকসানের দায়ভার নিয়ে বন্ধ হয়ে যাওয়া একটি প্রতিষ্ঠান ছিল। প্রতিষ্ঠানটিকে জনস্বার্থে লাভজনকভাবে পরিচালনা করার জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন সেনাবাহিনীর নিকট হস্তান্তর করা হয়। সেনাবাহিনীর দক্ষ ব্যবস্থাপনায় প্রতিষ্ঠানটি উক্ত লোকসানের দায়ভার হতে মুক্ত হয়ে একটি লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। এটি বর্তমানে জাতীয় পর্যায়ের বিভিন্ন অবকাঠামোগত উন্নয়নমূলক প্রকল্পসমূহ মানসম্মত উপায়ে যথা সময়ে বাস্তবায়নে বলিষ্ঠ ভুমিকা রাখছে। যে সকল প্রকল্পসমূহ বিভিন্ন বেসরকারি ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে বাস্তবায়নে অসমর্থ হয়েছে সে সকল প্রকল্প সমূহ অত্র প্রতিষ্ঠানের মাধ্যমে সফলজনকভাবে দ্রুততম সময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। যার মধ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের 'মুসাপুর ক্লোজার নির্মাণ প্রকল্প', 'পাতাখালী কেন্নাজার নির্মাণ প্রকল্প', বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের 'রামপাল বিদ্যুৎ প্রকল্প' উল্লেখযোগ্য। এধরনের প্রকল্প সমূহ মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় মন্ত্রীগণ উদ্বোধন করার সময় বিডিপি লিঃ এর ভূয়সী প্রশংসা করে থাকেন। মাননীয় অর্থমন্ত্রী বিডিপি লিঃ এর মাধ্যমে দ্রুততম সময়ে মানসম্মত উপায়ে এ ধরনের কাজ সমূহ বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি প্রতিষ্ঠান সমূহকে পত্র মারফত অনুরোধও জানিয়েছেন। এটি এখন দেশের অপ্রতিরোধ্য উন্নয়নের ক্ষেত্রে সময়ের দাবী। এছাড়া বিডিপি লিঃ এর Memorandum of Association এর Objective Clause No.13 এ বলা আছে যে " To carry on alongwith aforesaid businesses, such other business or trade which without detriment to the main objects of the company may be conveniently carried on either to more effectually use or utilize assets or services available to the company or which may be carried on for maintaining or retaining clientele, customers, or business of the company or to sustain or bear the competition in the market or to avoid, restrict and obviate competition and which is calculated directly or indirectly to serve the interest of the company"।সুতরাং সেই ক্ষমতাবলে অত্র কোম্পানি প্রতিযোগিতামূলক ভাবে টিকে থাকার স্বার্থে উক্ত ধরণের ব্যবসা করতে পারে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাবে বর্ণিত Memorandum of Association এর Objective Clause No.13 এ ক্ষেত্রে প্রযোজ্য নয়। কারণ বিডিপি লিঃ কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী Joint Stock কোম্পানি এবং কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association রয়েছে। কোম্পানীর Memorandum of Association and Articles of Association এর ক্রমিক নং ২ হতে ৭ পর্যন্ত প্রধান উদ্দেশ্য ছিল যেমনঃ ডিজেল ইঞ্জিন উৎপাদন, ইঞ্জিনের যন্ত্রাংশ উৎপাদন, সংযোজন, আয়রন, স্টীল সীট, ব্রোঞ্জ, এ্যালুমিনিয়াম ইত্যাদি ধাতু উৎপাদন। কোম্পানি যে উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছে ঐ উদ্দেশ্য বাস্তবায়ন না করে ঠিকাদারী ব্যবসায় লিপ্ত রয়েছে। বিভিন্ন সরকারি আধাসরকারি প্রতিষ্ঠান হতে প্রকিউরিং এনটিটির সাথে চুক্তিবদ্ধ কাজ নিজ দায়িত্বে না করে তৃতীয় পক্ষের মাধ্যমে বাস্তবায়ন করছেন এবং ঠিকাদারী ব্যবসার প্রচলিত নিয়ম অনুযায়ী ঠিকাদারের ১০% প্রফিট এর অতিরিক্ত ৭-১০% পর্যন্ত সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। ফলে সরকারি ব্যয় বৃদ্ধি পেয়েছে। তাছাড়া কোম্পানী ডিপিএম এর মাধ্যমে বিভিন্ন সরকারি সংস্থা, স্বায়ত্বশাসিত সংস্থার কাজ সংগ্রহ করছে যা পিপিআর-২০০৮ এর বিধি ৭৬ (১) ক হতে ট এবং ১ হতে ৫ এর নির্দেশনার পরিপন্থী। অপরদিকে ডিপিএম এর মাধ্যমে সংগৃহীত কাজগুলি বিডিপি নিজে বাস্তবায়ন না করে তৃতীয় পক্ষের মাধ্যমে বাস্তবায়ন করে লাভের ৯০% তৃতীয় পক্ষকে প্রদান করা হয়। উক্ত ক্ষতির বিষয় উল্লেখ করে ২৮/০৭/২০১৬ খ্রিঃ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম হিসাবে জারি করা হয় । জবাব না পাওয়ায় ২৮/০৯/২০১৬ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ১০/১১/২০১৬ খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

ইতোপূর্বে আপত্তি উত্থাপিত হওয়া সত্ত্বেও কোম্পানি আইন লঙ্ঘন করে একই ধরনের অসম চুক্তি বার বার সম্পাদন না করে কোম্পানি গঠনের উদ্দেশ্য অনুযায়ী উৎপাদন কাজ বাস্তবায়ন করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ০৬

**শিরোনাম: বিডিপি একএকভাবে ব্যবসা না করা সত্ত্বেও ব্যবসায়িক পার্টনার এর নিকট হতে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব অনাদায়ী ৫২,৫৪,১৭,২৯৭ (বায়ান্ন কোটি চুয়ান্ন লক্ষ সতেরো হাজার দুইশত সাতানব্বই) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্লান্ট (বিডিপি) লিঃ, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরের বিডিপি এককভাবে ব্যবসা না করা সত্ত্বেও ব্যবসায়িক পার্টনার এর নিকট হতে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব অনাদায়ী রয়েছে ৫২,৫৪,১৭,২৯৭ (বায়ান্ন কোটি চুয়ান্ন লক্ষ সতেরো হাজার দুইশত সাতানব্বই) টাকা।

নিরীক্ষাকালে ফাইন্যান্স শাখায় রক্ষিত আয়কর বিবরণী দাখিলের নথি পর্যালোচনান্তে দেখা যায় যে, বিডিপি সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকল্প ডিপিএম এর মাধ্যমে চুক্তিবদ্ধ হয়ে পরবর্তীতে যৌথ ব্যবসায়িক অংশীদারীর মাধ্যমে বাস্তবায়ন করছেন। সম্পাদিত কাজের লাভের ১০% পাচ্ছেন বিডিপি অপরদিকে ৯০% পাচ্ছেন যৌথ ব্যবসায়িক প্রতিষ্ঠান। কিন্তু কার্যমূল্যের উপর আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর আলোকে এস,আর,ও নং-২৫৭-আইন/আয়কর/২০১৭,তারিখঃ ১/৮/২০১৭ খ্রিঃ মোতাবেক আয়কর সিলিং অনুযায়ী ব্যবসায়িক পার্টনার (ঠিকাদার ও সরবরাহকারী) এর নিকট হতে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব বাবদ ৫২,৫৪,১৭,২৯৭ টাকা অনাদায়ী হয়েছে। [ বিস্তারিত বিবরণ ২য় অংশের পরিশিষ্ট **"৫"**দ্রষ্টব্য)।

**অনিয়মের কারণঃ**

আয়কর অধ্যাদেশ এর এস,আর,ও নং-২৫৭-আইন/আয়কর/২০১৭,তারিখঃ ১/৮/২০১৭ খ্রিঃ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

প্রকিউরিং এনটিটি উৎসে আয়কর কর্তন করেছে। যৌথ উদ্যোগে (Joint Venture) ব্যবসার (চুক্তিপত্রের কপি সংযুক্ত) ক্ষেত্রে ২য় দফা উৎস আয়কর কর্তনের প্রয়োজন নেই। প্রকিউরিং এনটিটি উৎসে আয়কর কর্তন করার ফলে আয়কর আইনের ধারা ৮২ সি অনুযায়ী তা চূড়ান্ত আয়কর দায় নিষ্পত্তি হিসেবে গণ্য হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব গ্রহণযোগ্য নয়। কারণ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর আলোকে এস,আর,ও নং-২৫৭-আইন/আয়কর/২০১৭, তারিখঃ ১/৮/২০১৭ খ্রিঃ মোতাবেক ঠিকাদার ও সরবরাহকারীর নিকট হতে আয়কর কর্তনের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক পরিশোধিত মূল্যের উপর আয়কর সিলিং মোতাবেক ব্যবসায়িক পার্টনার এর নিকট হতে উৎসে আয়কর কর্তন করা হয়নি। বর্ণিত অনিয়মটি ২৮-০৯-২০২০ খ্রি. তারিখে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে সচিব বরাবর জারী করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তি মূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

আপত্তিকৃত টাকা আদায় পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং- ০৭**

**শিরোনামঃ সরাসরি ক্রয় প্রক্রিয়ার আওতায় প্রকল্প হতে বাংলাদেশ সেনাবাহিনীকে ম্যানেজমেন্ট এন্ড প্রসেসিং ফি বাবদ মোট মূল্যের সিডিউল কস্ট অব ওয়ার্ক ৪% হারে ১,৪৮,৯৫,৯২৫ (এক কোটি আটচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত পঁচিশ) টাকা প্রদানে অনিয়ম।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিঃ, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরে সরাসরি ক্রয় প্রক্রিয়ার আওতায় প্রকল্প হতে বাংলাদেশ সেনাবাহিনীকে ম্যানেজমেন্ট এন্ড প্রসেসিং ফি বাবদ মোট মূল্যের সিডিউল কস্ট অব ওয়ার্ক ৪% হারে ১,৪৮,৯৫,৯২৫ (এক কোটি আটচল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার নয়শত পঁচিশ) টাকা অনিয়মিতভাবে প্রদান করা হয়েছে।

মার্কেটিং ও প্লানিং শাখায় রক্ষিত ঠিকাদারের বিভিন্ন কাজের চুক্তিপত্র, ভাউচার, কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association, কোম্পানী আইন ১৯৯৪ ও সংশ্লিষ্ট রেকর্ড পত্র পর্যালোচনান্তে দেখা যায় যে, শিল্প/বি-আ-১/এসইসি-২৮/৯৫ (অংশ-১)/৭০ তাং ২৬/৪/২০০৭ খ্রিঃ অনুযায়ী বিডিপি সরকারি প্রতিষ্ঠানটি লাভজনক শিল্প প্রতিষ্ঠান হিসাবে পরিচালনার জন্য আগ্রহের প্রেক্ষিতে বাংলাদেশ সেনাবাহিনীর নিকট পরিচালনার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association এ বর্ণিত শর্তাবলীর ক্রমিক নং ২ হতে ৭ অনুযায়ী প্রধান উদ্দেশ্য ছিল ডিজেল ইঞ্জিন উৎপাদন, ইঞ্জিনের যন্ত্রাংশ উৎপাদন, সংযোজন, আয়রন, স্টীল সীট, ব্রোঞ্জ, এ্যালুমিনিয়াম ইত্যাদি ধাতু উৎপাদন করা। কিন্তু চলমান কোম্পানী শুধুমাত্র Concertina Wire উৎপাদন করছে। কোম্পানী বিভিন্ন সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হতে ডিপিএম (ডাইরেক্ট প্রকিউরমেন্ট মেথড) এর মাধ্যমে কাজ সংগ্রহ করেন। চুক্তি অনুযায়ী ডিপিএম এর আওতায় সংগৃহীত কাজের যৌথ ব্যবসায়িক প্রতিষ্ঠান প্রকল্প মূল্যের ৮৮-৯০% গ্রহণ করে। বিডিপি সার্ভিস চার্জ বাবদ ৬% এবং বাংলাদেশ সেনাবাহিনী কে ম্যানেজমেন্ট এন্ড প্রসেসিং ফি বাবদ মোট মূল্যের সিডিউল কষ্ট অব ওয়ার্ক ৪% হারে ১,৪৮,৯৫,৯২৫/- প্রদান করে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Articles of Association এর ধারা- ৪২ অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক সকল আয় প্রতিষ্ঠানের তহবিলে জমাযোগ্য। কিন্তু তা না করায় বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ ব্যবসায়িক লাভ হতে বঞ্চিত হচ্ছে এবং ফ্যাক্টরী আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে।

**অনিয়মের কারণ:**

Articles of Association এর ধারা- ৪২ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

প্রতিরক্ষা মন্ত্রণালয় পত্র নং-১বি-১৩/২০০৪/ডি-৩/(অংশ)/১৫, তাং-২৩/২/২০১০ খ্রিঃ মোতাবেক অত্র কোম্পানির সকল প্রকার অর্থনৈতিক অনুমোদনের ক্ষমতা পরিচালনা পর্ষদের উপর ন্যাস্ত। এক্ষেত্রে পরিচালনা পর্ষদের অনুমোদন রয়েছে। বিডিপি এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ পরিচালনার জন্য সেনাসদর কর্তৃক পৃথক সেল (অস্থায়ী শিল্প সমন্বয় সেল, প্রযত্নেঃ এম এন্ড কিউ পরিদপ্তর, কিউএমজি'র শাখা) খোলা হয়েছে। ফলে উক্ত কারণে ম্যানেজমেন্ট ফি প্রদান করা হয়।

**নিরীক্ষা মন্তব্যঃ**

বাংলাদেশ সেনাবাহিনী কে ম্যানেজমেন্ট এন্ড প্রসেসিং ফি বাবদ মোট মূল্যের সিডিউল কস্ট অব ওয়ার্ক ৪% হারে প্রদান করা হচ্ছে এ বিষয়ে প্রদত্ত জবাব গ্রহণযোগ্য নয়। কারণ কোম্পানী আইন ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Memorandum এবং Articles of Association অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক সকল আয় প্রতিষ্ঠানের তহবিলে জমা রাখতে হবে। তা না করে আয় হতে ৪% সেনাবাহিনীর ম্যানেজমেন্ট এন্ড প্রসেসিং ফি বাবদ মোট মূল্যের সিডিউল কষ্ট অব ওয়ার্ক প্রদান করায় ফ্যাক্টরী আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। যা আদায় করে বিডিপি এর তহবিলে জমা করা আবশ্যক। বর্ণিত অনিয়মটি ২৮-০৯-২০২০ খ্রি. তারিখে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে সচিব বরাবর জারী করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তি মূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

ম্যানেজমেন্ট এন্ড প্রসেসিং ফি বাবদ প্রদত্ত অর্থ আদায় পূর্বক প্রতিষ্ঠানের হিসাবে জমা করা আবশ্যক।

## অনুচ্ছেদ নং- ০৮

**শিরোনামঃ বাড়ি ভাড়া ও বিভিন্ন ঠিকাদারের নিকট হতে আয়কর কর্তন করা সত্ত্বেও সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি ১,৯৮,৩৫,২৯৬ (এক কোটি আটানব্বই লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত ছিয়ানব্বই) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিঃ, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরে বাড়ি ভাড়া ও বিভিন্ন ঠিকাদারের নিকট হতে আয়কর কর্তন করা সত্ত্বেও সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি হয়েছে ১,৯৮,৩৫,২৯৬ (এক কোটি আটানব্বই লক্ষ পঁয়ত্রিশ হাজার দুইশত ছিয়ানব্বই) টাকা।

নিরীক্ষাকালে অর্থ শাখায় রক্ষিত বিভিন্ন ঠিকাদারের চুক্তিপত্র, বিল ভাউচার, নোট সীট ও সংশ্লিষ্ট রেকর্ড পত্র যাচাই করে দেখা যায় যে, বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ যৌথ ব্যবসার আওতায় পার্টনারদের পরিশোধিত বিল হতে আয়কর বাবদ ১,৯৮,৩৫,২৯৬ টাকা কর্তন করে বিডিপি এর ফান্ডে জমা রাখা হয়েছে। যা অদ্যাবধি সরকারি কোষাগারে জমা করা হয়নি। ট্রেজারি রুলস পরিচ্ছেদ-৫ এর ৭ (১) এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সেকশন-৫৩ এ, রুল-১৭ বি এবং এসআরও নং-২৫৭-আইন/আয়কর/২০১৭, তারিখঃ ০১-০৮-২০১৭ খ্রি. অনুযায়ী আয়কর বাবদ কর্তনকৃত টাকা সরকারি কোষাগারে জমাযোগ্য। কিন্তু তা না করায় সরকার ১,৯৮,৩৫,২৯৬ টাকার রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে। [বিস্তারিত বিবরণ ২য় অংশের পরিশিষ্ট **"৬"** দ্রষ্টব্য)।

**অনিয়মের কারণঃ**

ট্রেজারি রুলস পরিচ্ছেদ-৫ এর ৭ (১) এবং আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর সেকশন-৫৩ এ, রুল-১৭ বি এবং এসআরও নং-২৫৭-আইন/আয়কর/২০১৭, তারিখঃ ০১-০৮-২০১৭ খ্রিঃ লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

পরিশিষ্ট তে উল্লেখিত কিছু অংক ভুলক্রমে ডাবল দেখানো হয়েছে। প্রায় সকল আপত্তিকৃত আয়করের অর্থ টিআর (চালান) মাধ্যমে জমা করা হয়েছে (কপি সংযুক্ত)। দুই/একটি প্রকল্প চলমান থাকায় টিআর (চালান) এর মাধ্যমে জমা করা হয়নি,যা প্রকল্প সমাপ্ত হলে জমা করা হবে।

**নিরীক্ষা মন্তব্য:**

নিরীক্ষিত অফিসের জবাব পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে, পরিশিষ্টে উল্লেখিত আয়কর কিছু কিছু ক্ষেত্রে ডাবল লেখা হয়েছে। কারণ একাধিক নথি হতে আয়কর সংক্রান্ত বিষয়ে যাচাই করা হয় এবং স্থানীয় কর্তৃপক্ষ একাধিক নথিতে একই ঠিকাদারী প্রতিষ্ঠানের আয়কর কর্তনের তথ্য সংরক্ষণ করেছে। ফলে নিরীক্ষাকালীন সময়ে একই তথ্য ডাবল লেখা হয়েছে প্রকৃত পক্ষে আয়কর বাবদ মোট ২,৩৩,৮০,৯৯৯ টাকা হতে টি আরের মাধ্যমে জমাকৃত ও সমন্বয়কৃত ৩৫,৪৫,৭০৩ টাকা বাদে অবশিষ্ট (২,৩৩,৮০,৯৯৯-৩৫,৪৫,৭০৩)= ১,৯৮,৩৫,২৯৬ টাকা সরকারি কোষাগারে জমা করা আবশ্যক। বর্ণিত অনিয়মটি ২৮-০৯-২০২০ খ্রি. তারিখে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে সচিব বরাবর জারী করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তি মূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

আপত্তিকৃত টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

**অনুচ্ছেদ নং- ০৯**

**শিরোনাম: বাড়ি ভাড়ার বিল হতে এবং ঠিকাদারের বিল হতে ভ্যাট কর্তন করে সরকারি কোষাগারে জমা না দিয়ে বিডিপি ফান্ডে জমা রাখায় রাজস্ব ক্ষতি ১,৪২,৮৩,৭২৯ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ তিরাশি হাজার সাতশত উনত্রিশ) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিঃ, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরে বাড়ি ভাড়ার উপর ভ্যাট কর্তন না করায় এবং বিভিন্ন ঠিকাদারের নিকট হতে ভ্যাট কর্তন করে বিডিপি এর ফান্ডে জমা করে রাখা সত্ত্বেও সরকারি কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে ১,৪২,৮৩,৭২৯ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ তিরাশি হাজার সাতশত উনত্রিশ) টাকা।

নিরীক্ষাকালে অর্থ ও হিসাব শাখায় রক্ষিত বিভিন্ন চুক্তিপত্র, বিল ভাউচার,নোট সীট ও সংশ্লিষ্ট রেকর্ড পত্র যাচাই করে দেখা যায় যে, বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ যৌথ ব্যবসার আওতায় পার্টনারদের পরিশোধিত বিল হতে মূসক আইন ১৯৯১, সেবা কোড এস ০৩৭ যোগানদার সেবা প্রদানকারী এবং সেবা কোড ০৩৩০০ (ইজারাদার) অনুযায়ী ভ্যাট বাবদ ১,২৯,৭৭,৬০৫ টাকা কর্তন করে বিডিপি এর ফান্ডে জমা রাখা হয়েছে এবং ঠিকাদারের গুদাম ভাড়ার উপর প্রযোজ্য ভ্যাট ১৩,০৬,১২৪ টাকা কর্তন করা হয়নি। ফলে সর্বমোট (১,২৯,৭৭,৬০৫+১৩,০৬,১২৪)= ১,৪২,৮৩,৭২৯ টাকা ট্রেজারী রুলস্ পরিচ্ছেদ ৫ এর ৭(১) অনুযায়ী সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি হয়েছে। [বিস্তারিত বিবরণ ২য় অংশের পরিশিষ্ট "৭" দ্রষ্টব্য)।

**অনিয়মের কারণ:**

- মূসক আইন ১৯৯১, সেবা কোড এস ০৩৭.০০ (যোগানদার সেবা প্রদানকারী) এবং সেবা কোড ০৩৩.০০ (ইজারাদার) লঙ্ঘন।
- ট্রেজারী রুলস্ পরিচ্ছেদ ৫ এর ৭(১) লঙ্ঘন ।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

পরিশিষ্টতে উল্লেখিত কিছু অংক ভুলক্রমে ডাবল দেখানো হয়েছে। প্রায় সকল আপত্তিকৃত ভ্যাট এর অর্থ টিআর (চালান) এর মাধ্যমে জমা করা হয়েছে (কপি সংযুক্ত)। দুই/একটি প্রকল্প চলমান থাকায় টিআর (চালান) এর মাধ্যমে জমা করা হয়নি,যা প্রকল্প সমাপ্ত হলে জমা করা হবে।

**নিরীক্ষা মন্তব্য:**

নিরীক্ষিত অফিসের জবাব পর্যালোচনা করে দেখা যাচ্ছে যে, পরিশিষ্টে উল্লেখিত ভ্যাট কিছু কিছু ক্ষেত্রে ডাবল লেখা হয়েছে। কারণ একাধিক নথি হতে ভ্যাট সংক্রান্ত বিষয়ে তথ্য পাওয়া যায় এবং স্থানীয় কর্তৃপক্ষ একাধিক নথিতে একই ঠিকাদারী প্রতিষ্ঠানের ভ্যাট কর্তনের তথ্য সংরক্ষণ করেছে। ফলে নিরীক্ষাকালীন সময়ে একই তথ্য ডাবল লেখা হয়েছে। জবাব ও প্রমাণক যাচাই করে দেখা যাচ্ছে যে, প্রকৃত পক্ষে ভ্যাট বাবদ ১,৩১,৪০,৮০৫ টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি, আপত্তিকৃত টাকা হতে ১,৬৩,২০০ টাকা ট্রেজারী চালানে সরকারি কোষাগারে জমা করায় উক্ত টাকা বাদ দিয়ে অবশিষ্ট (১,৩১,৪০,৮০৫ - ১,৬৩,২০০) = ১,২৯,৭৭,৬০৫ টাকা এবং বাড়ি ভাড়ার উপর ভ্যাট বাবদ কর্তনযোগ্য ১৩,০৬,১২৪ টাকাসহ মোট(১,২৯,৭৭,৬০৫+১৩,০৬,১২৪)= ১,৪২,৮৩,৭২৯ টাকা সরকারি কোষাগারে জমা করা আবশ্যক। বর্ণিত অনিয়মটি ২৮-০৯-২০২০ খ্রি. তারিখে গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে সচিব বরাবর জারী করা হয়। অদ্যাবধি কোন নিষ্পত্তি মূলক জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

আপত্তিকৃত টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

## অনুচ্ছেদ নং- ১০

**শিরোনাম: বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট কোম্পানীর পাওনা বাবদ অনাদায়ী ২৩৮,২২,১৬,৯১০ (দুইশত আটত্রিশ কোটি বাইশ লক্ষ ষোলো হাজার নয়শত দশ) টাকা।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিঃ, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট কোম্পানীর পাওনার পরিমাণ ২৩৮,২২,১৬,৯১০ (দুইশত আটত্রিশ কোটি বাইশ লক্ষ ষোলো হাজার নয়শত দশ) টাকা অনাদায়ী পাওনা রয়েছে।

বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লি:, গাজীপুর এর Balance Sheet পর্যালোচনান্তে দেখা যায় যে, ২০১৩-২০১৪ অর্থ বছরে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট বকেয়ার পরিমাণ ছিল ৫৩,২১,৪৮,০৩৯ টাকা। বার্ষিক অডিট রিপোর্ট ২০১৪-২০১৫ এর ব্যালেন্স শীট অনুযায়ী উক্ত পাওনা বৃদ্ধি পেয়ে ২০১৪-২০১৫ অর্থ বছরে হয়েছে ২২৭,৯৫,২০,৯৬৬ টাকা। যা ২০১৩-২০১৪ অর্থ বছরের চেয়ে ২২৭,৯৫,২০,৯৬৬ - ৫৩,২১,৪৮,০৩৯ = ১৭৪,৭৩,৭২,৯২৭ টাকা বেশী। শতকরা হিসাবে পূর্বের বৎসরের তুলনায় ৩২৮.৩৬% বেশী। এছাড়া BORAC প্রজেক্টের আওতায় বিডিপি এবং মেসার্স মা এন্টার প্রাইজ এর মধ্যে Joint Venture চুক্তিপত্র সম্পাদিত হয়েছিল। প্রতিষ্ঠানটির বর্তমানে কোন অস্তিত্ব নেই। কিন্তু অস্তিত্বহীন প্রতিষ্ঠানের নিকট প্রতি বৎসর লোকসান হিসাবে দেখানো হচ্ছে। মা এন্টার প্রাইজ এবং বিডিপি এর মধ্যে যে চুক্তিপত্র সম্পাদিত হয়েছিল সে চুক্তিপত্রের কপি এবং পরবর্তী ব্যবসায়িক কার্যক্রমের রেকর্ডপত্র চাওয়া হলে নিরীক্ষা দলের নিকট তা সরবরাহ করা হয়নি। উক্ত যৌথ ব্যবসার প্রেক্ষিতে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট দীর্ঘদিন যাবৎ ১০,২৬,৯৫,৯৪৪ টাকা অনাদায়ী রয়েছে যা আদায়ের কোন কার্যকর ব্যবস্থা নেয়া হচ্ছে না (বিস্তারিত পরিশিষ্ট-**৮** এ দেখানো হলো)। ফলে ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরের বার্ষিক অডিট রিপোর্টের ব্যলেন্সশীট অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট মোট পাওনার পরিমাণ দাঁড়িয়েছে (১০,২৬,৯৫,৯৪৪+ ২২৭,৯৫,২০,৯৬৬) = ২৩৮,২২,১৬,৯১০ টাকা। বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট পাওনাসমূহ যথা সময়ে আদায় না করায় ভবিষ্যতে উক্ত পাওনা অনাদায়ী দেনা (Bad Debts) হওয়ার সুযোগ সৃষ্টি হয়। তা ছাড়া কোম্পানীর বিপুল অর্থ বকেয়া থাকায় কোম্পানীর রানিং ক্যাপিটালের সমস্যা হচ্ছে। ফলে বিভিন্ন সরকারি, আধাসরকারি প্রতিষ্ঠান হতে সরাসরি ক্রয় পদ্ধতি অবলম্বনের মাধ্যমে (ডিপিএম) কাজ সংগ্রহ করা হলেও মূলধনের অভাবে কাজ বাস্তবায়ন সম্ভব হচ্ছে না বিধায় তৃতীয় পক্ষের সাথে পুনরায় ব্যবসায়িক চুক্তি করে কার্যসম্পাদন করা হচ্ছে এবং লাভের ৯০% ব্যবসায়িক পার্টনারকে পরিশোধ করা হচ্ছে। তাছাড়া বিবিধ পাওনাদার হতে বিপুল অংকের টাকা যথাসময়ে আদায় করে এফডিআর করা হলে কোম্পানীর লাভের পরিমাণ বৃদ্ধি পেত ।

**অনিয়মের কারণ:**

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থবছরের বার্ষিক অডিট রিপোর্টের ব্যালেন্স শীট অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট পাওনা দীর্ঘদিন যাবৎ আদায় না করার অনিয়ম।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

সরকার ব্যাটারি চালিত বোরাক ট্রাইসাইকেল বিক্রয় নিষিদ্ধ করার কারণে উক্ত বোরাক ব্যবসাটি পরিচালনা পর্ষদ তথা সেনা সদরের নির্দেশে বন্ধ করে দেয়া হয়। ব্যবসাটি বর্তমানে চালু নেই বিধায় উক্ত ব্যবসার ক্রেডিট সেল এর কিছু অংশ দেনাদারদের নিকট হতে আদায় করা সম্ভব হয়নি। কর্পোরেট কালচার এ বন্ধ হয়ে যাওয়া ব্যবসার ক্রেডিট সেল এর অংশ দেনাদারদের নিকট হতে আদায় করা সম্ভব নয়।

কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রম বৃদ্ধি পাওয়ার কারণেই Debtors এর পরিমাণ বৃদ্ধি পেয়েছে। কার্য প্রদানকারী সংস্থা সমূহ বিল প্রদানের সময় ১০% হারে নিরাপত্তা জামানত কর্তন করে রাখে, যা ওয়ারেন্টি পিরিয়ড শেষ না হলে ফেরৎ প্রদান করে না। ২০১৩-২০১৪ অর্থ বৎসরের তুলনায় ২০১৪-২০১৫ অর্থ বৎসরে সরবরাহ/ঠিকাদারী কাজের বিপরীতে প্রাপ্ত বিলের পরিমাণ ছিল অধিক। ফলে ১০% হারে নিরাপত্তা জামানত বাবদ কর্তনকৃত অর্থের পরিমাণও তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। কারণ, আপত্তির সাথে স্থানীয় অফিসের জবাব সংগতিপূর্ণ নয়। এছাড়া ক্রেডিট সেলের অংশ দেনাদারদের নিকট হতে আদায়ের কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি। যা কোম্পানীর সুস্পষ্ট ব্যর্থতা । বিপুল অংকের টাকা আদায় না হলে উক্ত অনাদায়ী টাকার দায়িত্ব কোম্পানীর পরিচালনা পর্ষদ তথা কোম্পানী ম্যানেজমেন্ট এর ওপর বর্তায়। আপত্তিকৃত টাকা যথাসময়ে আদায় না করায় আপত্তিকৃত টাকা ভবিষ্যতে Bad Debts হওয়ার সুযোগ থাকে। উক্ত ক্ষতির বিষয় উল্লেখ করে ২৮/০৭/২০১৬ খ্রিঃ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয় বরাবর অগ্রিম অনুচ্ছেদ জারি করা হয় । জবাব না পাওয়ায় ২৮/০৯/২০১৬ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ১০/১১/২০১৬ খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

দায়-দায়িত্ব নির্ধারণ সহ আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১১

**শিরোনাম: আবাসিক বিদ্যুৎ বিল কম আদায় করায় ফ্যাক্টরীর ১০,০৫,৭৫০ ( দশ লক্ষ পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা আর্থিক ক্ষতি ।**

**বিবরণ:**

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট (বিডিপি) লিঃ, গাজীপুর এর ২০১৪-২০১৫ ও ২০১৮-২০১৯ অর্থবছরের আবাসিক বিদ্যুৎ বিল কম আদায় করায় ফ্যাক্টরীর ১০,০৫,৭৫০ (দশ লক্ষ পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি ফ্যাক্টরী রেটে ৭.২০ টাকা প্রতি ইউনিট হারে বিল দাবী করা হচ্ছে। উক্ত দাবীকৃত বিলকে ২ ভাগে (১) শিল্প ৬০% ও (২) আবাসিক ৪০% হারে ভাগ করা হলেও ৪০% হারে আবাসিক বিদ্যুৎ বিল আদায় করা হয়নি। সিএ অডিট রিপোর্ট এর ক্রমিক নং-২৭.০৩ অনুযায়ী বিদ্যুৎ বিল ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থ বছরে (১৪,১১,৯৯৫+১৫,৪০,১১১) = ২৯,৫২,১০৬ টাকা এর ৬০% শিল্প বাবদ ১৭,৭১,২৬৩.৬০ টাকা এবং ৪০% আবাসিক ১১,৮০,৮৪২/৪০ টাকা হিসাব দেখানো হয়েছে। কিন্তু সিএ অডিট রিপোর্ট এর ক্রমিক নং-৩১.০১ এ ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ পর্যন্ত (৬১,৩৬২+১,১৩,৭৩০)=১,৭৫,০৯২ টাকা আবাসিকভাবে ব্যবহৃত ব্যক্তিবর্গের নিকট হতে আদায় করা হয়েছে। ফলে (১১,৮০,৮৪২ - ১,৭৫,০৯২) = ১০,০৫,৭৫০ টাকা বিদ্যুৎ ব্যবহারকারীদের নিকট হতে বিদ্যুৎ বিল কম আদায় করায় ফ্যাক্টরীর আর্থিক ক্ষতি সাধিত হয়েছে।

**অনিয়মের কারণ:**

সিএ অডিট রিপোর্ট এর ক্রমিক নং ৩১.০১ অনুযায়ী আবাসিক বিদ্যুৎ বিল কম আদায় করার অনিয়ম।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

বিডিপি লিঃ সরকারের (Key point Installation (KPI) ভুক্ত স্থাপনা। যার নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা প্রথম বিবেচ্য বিষয়। তাছাড়া অত্র ফ্যাক্টরীতে বিভিন্ন সরকারি সংস্থা হতে সরাসরি ক্রয় পদ্ধতিতে যে সকল পণ্য উৎপাদনের অর্ডার পাওয়া যায় তা নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থার মাধ্যমে যথা সময়ে সরবরাহ করতে হয়। এ ক্ষেত্রে আবাসিক রেট এর বিদ্যুৎ লাইন নেয়া হলে ঘন ঘন লোড শেডিং এর কারণে উৎপাদন ও নিরাপত্তা ব্যবস্থা বিঘ্নিত হবে। সুতরাং অত্র প্রতিষ্ঠানের ফ্যাক্টরী ও আবাসিক ভবনসমূহ একই প্রাঙ্গনে অবস্থিত হওয়ায় আবাসিক ও ফ্যাক্টরী খাতে ব্যবহার্য বিদ্যুৎ ব্যবস্থা পল্লী বিদ্যুৎ সমিতির পরামর্শক্রমে বিএমটিএফ সাব-স্টেশন হতে শিল্প লাইনের মাধ্যমে নেয়া হয়েছে। ফলে সে হারেই বিদ্যুৎ বিল পরিশোধ করতে হয়। উল্লেখ্য যে, নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিভিন্ন প্রতিষ্ঠান নানাবিধ ব্যয়বহুল ব্যবস্থা গ্রহণ করে থাকে। উল্লেখ্য যে, উৎপাদনের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ এর তুলনায় আবাসিক ক্ষেত্রে ব্যবহৃত বিদ্যুৎ এর পরিমাণ যৎসামান্য। বিডিপি লিঃ এ কর্মরতদেরকে বেতন পরিপূরক হিসেবে আবাসিক সুবিধা বাবদ কনসেশনাল রেইট এ বিদ্যুৎ দেয়া হয়। উপযুক্ত কর্তৃপক্ষ তা প্রদানের অনুমোদন দিয়েছেন। এতে কোন অনিয়ম হয়নি।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। কারণ, পল্লী বিদ্যুৎ সমিতি ট্যারিফ রেইটে আবাসিক ভবনের বিদ্যুৎ বিল আদায়যোগ্য। বিডিপি লিঃ এ কর্মরতদেরকে বেতন পরিপূরক হিসেবে আবাসিক সুবিধা বাবদ কনসেশনাল রেইট এ বিদ্যুৎ দেয়া যুক্তিসঙ্গত নয়। তাছাড়া নিরীক্ষাকালে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কনসেশনাল রেইট এ বিদ্যুৎ সুবিধা প্রদানের স্বপক্ষে কোন ধরনের অনুমোদনের কপি সরবরাহ করা হয়নি। উক্ত ক্ষতির বিষয় উল্লেখ করে ২৮/০৭/২০১৬ খ্রিঃ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব বরাবর গুরুতর আর্থিক অনিয়ম হিসেবে জারি করা হয়। জবাব না পাওয়ায়

২৮/০৯/২০১৬ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং ১০/১১/২০১৬ খ্রিঃ তারিখে আধা-সরকারি পত্র জারি করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশ:**

বর্তমান সময়ের আবাসিক বিদ্যুৎ বিল আদায়ের অগ্রগতিসহ আবাসিক ভবনে কম আদায়কৃত বিদ্যুৎ বিলের অর্থ আদায়পূর্বক কোম্পানীর হিসাবভুক্ত করে নিরীক্ষাকে জানানো আবশ্যক।

(শিকদার রাশেদ কামাল)
মহাপরিচালক
প্রতিরক্ষা অডিট অধিদপ্তর

তারিখ ঃ ২৪/১০/১৪২৯ বঙ্গাব্দ / ০৭/০২/২০২৩ খ্রিষ্টাব্দ।

# দ্বিতীয় অংশ

# (পরিশিষ্টসমূহ)

# অডিট অনুচ্ছেদসমূহের পরিশিষ্টের তালিকা

| অডিট অনুচ্ছেদ নং | আপত্তির শিরোনাম | পরিশিষ্ট নং | জড়িত (টাকা) |
|---|---|---|---|
| ১ | কোম্পানীর নীট বন্টনযোগ্য Dividend ঘোষণা না করায় সরকার লভ্যাংশ হতে বঞ্চিত। | ১ | ২০৩,৮৮,১০,৮৭০ |
| ২ | কোম্পানী আইন ১৯৯৪ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এর ব্যত্যয় ঘটিয়ে বিধি বহির্ভূতভাবে বিভিন্ন অবকাঠামো নির্মাণ প্রকল্পে অনিয়মিতভাবে বিনিয়োগ। | ২ | ৪৫,০০,০০,০০০ |
| ৩ | জলসিঁড়ি আবাসন প্রকল্পে জমির রেজিষ্ট্রেশন চার্জ বাবদ অতিরিক্ত পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | - | ৪০,৯৭,৮৪০ |
| ৪ | ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিস (টিটিএস) এবং জলসিঁড়ি আবাসন প্রকল্পকে অনিয়মিতভাবে ঋণ প্রদান। | ৩ | ২১,০২,০৪,১৬৬ |
| ৫ | কোম্পানীর Memorandum of Association এবং Articles of Association এ উল্লেখিত মূল উদ্দেশ্য বাস্তবায়ন না করে বিভিন্ন সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠান হতে কাজ সংগ্রহ করে অনিয়মিতভাবে কার্য সম্পাদন। | ৪ | ৭২৫,৮৫,৫৩,৫৪৪ |
| ৬ | বিডিপি এককভাবে ব্যবসা না করা সত্ত্বেও ব্যবসায়িক পার্টনার এর নিকট হতে উৎসে আয়কর কর্তন না করায় সরকারের রাজস্ব অনাদায়ী। | ৫ | ৫২,৫৪,১৭,২৯৭ |
| ৭ | সরাসরি ক্রয় প্রক্রিয়ার আওতায় প্রকল্প হতে বাংলাদেশ সেনাবাহিনীকে ম্যানেজমেন্ট এন্ড প্রসেসিং ফি বাবদ মোট মূল্যের সিডিউল কষ্ট অব ওয়ার্ক ৪% হারে প্রদানে অনিয়ম। | - | ১,৪৮,৯৫,৯২৫ |
| ৮ | বাড়ী ভাড়া ও বিভিন্ন ঠিকাদারের নিকট হতে আয়কর কর্তন করা সত্ত্বেও সরকারি কোষাগারে জমা না করায় রাজস্ব ক্ষতি। | ৬ | ১,৯৮,৩৫,২৯৬ |
